গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
**প্রশিক্ষণ অধিশাখা**
www.mof.gov.bd

স্মারক নম্বর- ০৭.০০.০০০০.১৯০.২৫.০০৫.২৩-৩৪১

তারিখ: ০২ আশ্বিন ১৪৩০
১৭ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়: ৩০তম "Fiscal Economics and Economic Management (FEEM)" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।**

সূত্র: আইপিএফ এর স্মারক নম্বর: ০৭.০০.০০০০.০০০.২৫.০০৩.২৩-২১১; তারিখ: ১১/০৯/২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের আওতাধীন Institute of Public Finance Bangladesh (IPF), ১ম ১২ তলা সরকারি ভবন, ৮ম তলা, সেগুনবাগিচা, ঢাকা-তে আগামী ০৩ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে ১০ (দশ) সপ্তাহব্যাপী (কর্মদিবস) ৩০তম "Fiscal Economics and Economic Management (FEEM)" শীর্ষক পূর্ণকালীন প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।

০২। উক্ত কোর্সে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও তাঁদের অধীন দপ্তর এবং মাঠ পর্যায়ে কর্মরত চাকুরিতে স্থায়ী সহকারী সচিব, সিনিয়র সহকারী সচিব এবং উপসচিব/সমপর্যায়ের ক্যাডার কর্মকর্তাগণ (৩১ অক্টোবর ২০২৩ তারিখে বয়স অনূর্ধ্ব ৪৫ বছর) আবেদন করতে পারবেন। অর্থনীতি, হিসাব বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স, পরিসংখ্যান, গণিত এবং আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত কর্মকর্তাগণ এ কোর্সের জন্য অগ্রাধিকার পাবেন। অর্থনৈতিক ব্যবস্থাপনা, অর্থ ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা, বাজেটিং, একাউন্টিং এবং অডিটিং বিষয়ে পর্যাপ্ত কর্ম অভিজ্ঞতাসম্পন্ন ও ইংরেজি ভাষায় দক্ষতাসম্পন্ন কর্মকর্তাগণ এ কোর্সের জন্য সবচেয়ে উপযোগী। **FEEM কোর্সের অংশ হিসেবে ভারতের নয়াদিল্লীস্থ IMF-SARTTAC-এ সংযুক্ত থেকে ০৫ (পাঁচ) দিনের আবশ্যিক প্রশিক্ষণেরও ব্যবস্থা রয়েছে। তাছাড়া, মূল্যায়ন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রথম ১০ (দশ) জন প্রশিক্ষণার্থীকে ০১ (এক) বছর মেয়াদি বিদেশে উচ্চতর অধ্যয়নে (মাস্টার্স কোর্স) প্রেরণ করা হবে।**

০৩। উল্লেখ্য, যে সকল কর্মকর্তা ইতোমধ্যে FEEM কোর্সে অংশগ্রহণ করেছেন তারা পুনরায় এ কোর্সে আবেদনের জন্য বিবেচিত হবেন না এবং যারা ইতোমধ্যে বিদেশে মাস্টার্স/পিএইচডি পর্যায়ে অধ্যয়ন ও ডিগ্রিপ্রাপ্ত হয়েছেন তারা এ কোর্সে আবেদন করতে পারবেন, তবে এ কোর্সের আওতায় বিদেশে উচ্চতর অধ্যয়নের জন্য মনোনীত হবেন না।

০৪। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ/অধীন দপ্তর/সংস্থায় কর্মরত উল্লিখিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী কর্মকর্তাগণের মনোনয়ন **আগামী ৩১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে সরাসরি উপসচিব, প্রশিক্ষণ অধিশাখা (ভবন-১১, লেভেল-১৬, কক্ষ নম্বর-১৭১৪), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-তে এবং ই-মেইলে (trainingsection.fd@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।** আবেদনের নির্ধারিত ফরম, বিজ্ঞপ্তির কপি অর্থ বিভাগের ওয়েবসাইট (www.mof.gov.bd এর Local training) এ পাওয়া যাবে। উল্লেখ্য যে, যথাযথ কর্তৃপক্ষের প্রতিস্বাক্ষরবিহীন, অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।

০৫। এমতাবস্থায়, মনোনয়ন প্রস্তাব পাওয়ার পর অর্থ বিভাগ কর্তৃক চূড়ান্তভাবে মনোনীত কর্মকর্তাগণ বর্ণিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। চূড়ান্ত মনোনয়ন আদেশ কোর্স শুরুর পূর্বে অর্থ বিভাগের Website হতে সংগ্রহ করা যাবে। উক্ত কোর্স সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য মিজ এলিশ শরমিন, উপ-পরিচালক (উপসচিব), আইপিএফ এর সাথে যোগাযোগ (মোবাইল-০১৭৩০-২৩১৪২৭) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ
যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন)
উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, (প্রশাসন-১/২/৩), (বাজেট-১/২), (মিশন শাখা/আইসিটি সেল)
নং-১৪২৬ স্বাক্ষর:
তারিখ: ২০/৯/২৩

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
সচিবের দপ্তর
ইস্যু নম্বর: ১১৩৬
তারিখ: ১৮/৯/২৩

Roushan
১৭/৯/২০২৩
(রওশন আরা লাবনী)
উপসচিব
ফোন: ৫৫১০১৩১৪
E-mail: trainingsection.fd@gmail.com

বিতরণ (**জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়**):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০১৩.১৮.৮০৪

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৮-৯-২০২৩
সেখ ফরিদ আহমেদ
উপসচিব
ফোন: +৮৮০-২-২২৩৩৫৪৫১৬
ইমেইল: admin1@ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১২.৩৪.০১৩.১৮.৮০৪/১(৫৫)

তারিখ: ৯ আশ্বিন ১৪৩০
২৪ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৮-৯-২০২৩
সেখ ফরিদ আহমেদ
উপসচিব